যুগান্তর

তারিখ ....... 2 JUL 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ......

# রাজশাহী বোর্ডের এইচএসসি বাংলা দ্বিতীয়পত্রের উত্তরপত্র মূল্যায়নে ভুল নির্দেশনা

রাজশাহী ব্যুরো

রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রের উত্তরপত্র মূল্যায়নের জন্য বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষকদের যে নির্দেশনা দিয়েছেন তাতে অন্তত ১০টি ভুল ধরা পড়েছে। এ নিয়ে বোর্ডের সংশ্লিষ্ট পরীক্ষকগণ বিপাকে পড়েছেন। আর পরীক্ষার্থীদের মাঝে সৃষ্টি

ভুল : পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## ভুল : নির্দেশনা

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে বিরূপ প্রতিক্রিয়া। এ বিষয়ে রাজশাহী বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুসা উদ্দিন বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, নির্দেশনায় প্রদত্ত ভুল নিয়ে আতংকিত হওয়ার কিছু নেই। প্রদত্ত ভুল সম্পর্কে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ অবহিত এবং তা সংশোধনের জন্য প্রত্যেক পরীক্ষককে নিজ নিজ প্রধান পরীক্ষকের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বাংলা দ্বিতীয় পত্রের ৫ নম্বর প্রশ্নের ব্যাকরণ অংশে ৩০ নম্বরের জন্য প্রশ্নে প্রদত্ত ৮টির মধ্যে (ক, খ ... জ পর্যন্ত) পাঁচটির (প্রতিটিতে ৬ নম্বর করে) উত্তর চাওয়া হয়। পুরো প্রশ্নের উত্তরপত্র মূল্যায়নে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষকদের যে নির্দেশনা দিয়েছেন তাতে ৫ নম্বর প্রশ্নের ক (√) ঘ, চ, ছ ও জ'তে ১০টি ভুল ছাড়াও দুটি অসঙ্গতি রয়েছে। রাজশাহী মহানগরীর কয়েকটি নামিদামি কলেজের বাংলা বিভাগের শিক্ষকদের সঙ্গে আলাপ করে এবং ব্যাকরণের কয়েকটি বইয়ে বোর্ড কর্তৃপক্ষের ভুল সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে। শিক্ষকরা বলেছেন, ৫-এর 'ক' (√) 'ধনের ধর্মই অসাম্য' বাক্যটিকে বোর্ডের নির্দেশনায় যৌগিক বাক্যে রূপান্তর করে দেখানো হয়েছে 'ধনের ধর্মই কিন্তু অসাম্য' যা ভুল। এক্ষেত্রে সঠিক যৌগিক বাক্যটি হবে 'এ সব ধন এবং এদের ধর্মই হল অসাম্য'। ৫-এর 'ঘ'-এ 'নোনতা, লেঠেল ও সম্রাট'-এর নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়ে বোর্ডের নির্দেশনায় দেয়া হয়েছে, 'নুন+তা: লাঠি+য়াল/লাঠিয়াল-লেঠেল ও সম+রাজ'। কিন্তু বিভিন্ন কলেজ শিক্ষক ও বিভিন্ন লেখকের লেখা বই মোতাবেক সঠিক প্রকৃতি ও প্রত্যয় হবে যথাক্রমে 'নুন+তা: লাঠি+আল (য়াল নামে কোন প্রত্যয় নেই) এবং সম-√রাজ+০'। একইভাবে প্রশ্ন ৫-এর 'চ'-এ 'Para' শব্দের পরিভাষার নির্দেশনা দেয়া হয়েছে 'অনুচ্ছেদ'। কিন্তু বিভিন্ন লেখকের ব্যাকরণ বই এবং রাজশাহীর কলেজ শিক্ষকদের মতে, Para শব্দের সঠিক পরিভাষা হবে 'অনুচ্ছেদ'। প্রশ্ন ৫-এর 'ছ'-এ বোর্ডের নির্দেশনায় 'অপরাহ্ন, মুহূর্ত, মুমূর্ষু' শব্দের শুদ্ধ বানান দেয়া হয়েছে যথাক্রমে 'অপরাহ্ন, মুহুর্ত, মুমূর্ষ'। কিন্তু কলেজ শিক্ষক ও ব্যাকরণ বই অনুযায়ী সঠিক উত্তর হবে যথাক্রমে 'অপরাহ্ণ, মুহূর্ত এবং মুমূর্ষু'। একইভাবে প্রশ্ন ৫-এর 'জ'-এ ব্যাসবাক্যসহ সমাসের নামের নির্দেশনায় 'প্রভাব ও চৌরাস্তা'র ব্যাসবাক্যসহ সমাসের নাম দেয়া হয়েছে যথাক্রমে 'প্র (প্রকৃষ্ট) ভাব = প্রাদি' এবং 'চৌ/চার রাস্তার সমাহার = সমাহার দ্বিগু'। কিন্তু কলেজ শিক্ষকদের মতে, প্রভাব ও চৌরাস্তার সঠিক ব্যাসবাক্যসহ সমাসের নাম হবে যথাক্রমে 'প্র (প্রকৃষ্ট) ভাব = প্রাদি' এবং 'চৌ/চার রাস্তার সমাহার=দ্বিগু'। প্রাদি ও সমাহার দ্বিগু নামে কোন সমাস নেই বলেও কলেজের বাংলা বিষয়ের শিক্ষকরা [illegible] দেন।